# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৩২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১) পিঁয়াজ, রসুন, কুর্রাজ, মূলা অথবা তার অনুরূপ দুগর্ন্ধযুক্ত বস্ত খেয়ে মসজিদে আসার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من إتيان المسجد لمن أكل بصلا أو ثوما أو كراثا أو فجلا ونحو ذلك مما له رائحة كريهة

---

আরবী

(صحيح) وَعَنْ أنس رَضِيَ اللَّهُ عَنْهُ قال قال النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ , فَلَا يَقْرَبَنَّا , وَلَا يُصَلِّيَنَّ مَعَنَا (رواه البخاري ومسلم)

বাংলা

৩৩২. (সহীহ্) আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’যে ব্যক্তি এই বৃক্ষ ভক্ষণ করবে সে যেন আমাদের নিকটবর্তী না হয় এবং আমাদের সাথে যেন নামায আদায় না করে।’’

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৮৫৬ ও মুসলিম ৫৬২)

(ছহীহ) এই হাদীছটি ত্বাবরানীও বর্ণনা করেছেন। তবে ত্বাবরানীর বর্ণনা অন্য রকমঃ তিনি বলেন,

إياكم وهاتين البقلتين المنتنتين أن تأكلوهما وتدخلوا مساجدنا فإن كنتم لا بد آكلوهما اقتلوهما بالنار قتلا

’’এই দুটি দুর্গন্ধময় সবজি খেয়ে মসজিদে প্রবেশ করা থেকে তোমরা সাবধান। যদি এটা খাওয়া অত্যন্ত জরুরী মনে কর তাহলে আগুনের মাধ্যমে তার দুর্গন্ধকে মেরে ফেল।’’

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 󰀀 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন